গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প
বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স, ৫ম তলা, আগারগাঁও, ঢাকা।

স্মারক নং: ৫৬.০৪.০০০০.১১২.৯৯.০০১.২২. ৬৬৪

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪৩২
২৬ নভেম্বর ২০২৫

**বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদানের প্রেক্ষিতে ব্যবহারকারীদের জন্য প্রস্তাবিত প্রশিক্ষণ ও ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অংশ গ্রহণ প্রসঙ্গে।**

সূত্রঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর স্মারক নম্বর-৩৭.০২.০০০০.০০০.১১৩.১৬.০০০১.১৯.৯; তারিখ-২৬ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)' (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত ২২,৯১২টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকার মধ্যে মে ২০২৪ থেকে জুন ২০২৫ খ্রি. পর্যন্ত মোট ১০,০৫৬টি End User Connectivity প্রদান করা হয়েছে।

২। ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের ডিপিপি-এর নির্দেশনা মোতাবেক এবং আইএসপি প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত সেবা ক্রয় চুক্তি ও Request for Proposal (RFP) এর শর্ত অনুসারে ইন্টারনেট সংযোগ প্রদানের পরবর্তী মাস থেকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত ব্যান্ডউইথ এর মূল্য ত্রিপক্ষীয় চুক্তি অনুসারে আইএসপি প্রতিষ্ঠানকে পরিশোধ করার বাধ্যবাধকতা রয়েছে। সেই প্রেক্ষিতে সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় কর্তৃক প্রদানকৃত UPAC (User Preliminary Acceptance Certificate) অনুসারে End User Connectivity প্রদানের পরবর্তী মাস থেকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন যে সকল প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে সে সকল প্রতিষ্ঠানে MRC অর্থাৎ ব্যান্ডউইথের মূল্য পরিশোধ করা প্রয়োজন।

৩। ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের আওতায় ইন্টারনেট সংযোগ গ্রহণকারী সকল প্রতিষ্ঠানকে নিয়ে প্রকল্পের আওতায় End User Connectivity-এর কারিগরিসহ বিষয়ে উপজেলা ভিত্তিক প্রশিক্ষণ ও চুক্তি স্বাক্ষরের বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত হবে।

৪। বর্ণিতাবস্থায়, "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে, সে সকল প্রতিষ্ঠানের ব্যান্ডউইথের মূল্য (বিটিআরসি কর্তৃক এক দেশ, এক রেট অথবা নেগোসিয়েশনের মাধ্যমে নির্ধারিত মূল্য) পরিশোধের লক্ষ্যে ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদনে সহযোগিতা প্রদান এবং উপজেলা ভিত্তিক প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ক) ত্রিপক্ষীয় চুক্তির খসড়া - ৩ ফর্দ
খ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের পত্র – ১ ফর্দ

২৬.১১.২০২৫
(তানজিনা ইসলাম)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প
ই-মেইল: tangina15167@gmail.com

১। প্রোগ্রামার (মাউশি আঞ্চলিক কার্যালয়, সকল)
২। জেলা শিক্ষা অফিসার (সকল জেলা)
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (মাঠ পর্যায়ে অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধান UPAC (User Preliminary Acceptance Certificate) প্রদানকারী সকল প্রতিষ্ঠানকে চুক্তি সম্পাদন ও প্রশিক্ষণ প্রোগ্রামে অংশগ্রহণ নির্দেশনা প্রদানের অনুরোধসহ)

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে**

১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাঠ পর্যায়ে কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয় (সকল)।
৪। সহকারি প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় (সকল)।
৫। অফিস কপি